ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

# রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## ১ম বর্ষ বি.এসসি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বি.আর্ক. কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

## শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বি.আর্ক. কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। পুরকৌশল, তড়িৎ ও কম্পিউটার কৌশল এবং যন্ত্রকৌশল অনুষদসমূহের ১৪ টি বিভাগে সর্বমোট ১২৩৫ (৫ টি সংরক্ষিত আসন সহ) টি আসনে নিম্নবর্ণিত নিয়মানুযায়ী শিক্ষার্থী ভর্তি করা হবে।

**১। বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা ঃ**

ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরী শিক্ষা বোর্ড থেকে ২০২২ খ্রি. অথবা ২০২৩ খ্রি. এর মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ (চার) অথবা সমতুল্য গ্রেড পেয়ে উত্তীর্ণ হতে হবে।

গ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে ২০২৫ খ্রি. এর উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উচ্চতর গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন এই তিন বিষয়ে মোট ন্যূনতম জিপি ১৪.০০ (চৌদ্দ) পেতে হবে।

ঘ) প্রার্থী GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পরীক্ষায় পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য GCE 'O' লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি (গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজি সহ) বিষয়ে ন্যূনতম 'B' গ্রেড পেয়ে পাশ করতে হবে। GCE 'A' লেভেল পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়নে পৃথক পৃথকভাবে কমপক্ষে 'B' গ্রেড পেয়ে পাশ হতে হবে। উল্লেখ্য, প্রার্থীকে ২০২৪ খ্রি. এর নভেম্বর বা তার পরে 'A' লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।

ঙ) কমপক্ষে ১২ শিক্ষাবর্ষ অধ্যয়নকাল থাকা সাপেক্ষে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০২৫ খ্রি. এর উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজি বিষয়ের প্রত্যেকটিতে আলাদাভাবে ৮০% নম্বর বা সমমানের গ্রেড পেতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় গড়ে কমপক্ষে ৭০% নম্বর বা সমমানের গ্রেড পেতে হবে।

**২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী নির্বাচন ঃ**

(ক) নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত সকল বৈধ আবেদনপত্রের মধ্য হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উচ্চতর গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন-এই তিন বিষয়ে প্রাপ্ত মোট গ্রেড পয়েন্টের ভিত্তিতে মেধা তালিকা তৈরী করা হবে। আবেদনকারী শিক্ষার্থীদের মধ্য থেকে প্রথম ১৯,০০০ (উনিশ হাজার) জন প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। তবে ১৯,০০০ (উনিশ হাজার)-তম প্রার্থী একাধিক হলে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় যথাক্রমে উচ্চতর গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন এই তিন বিষয়ে পৃথক পৃথকভাবে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থী সংখ্যা চূড়ান্ত করা হবে।

(খ) উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের পরীক্ষা নেয়া হবে।

(গ) পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত আবেদনকারীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (https://admission.ruet.ac.bd) প্রকাশ করা হবে।

**৩। ভর্তি সংক্রান্ত সময়সূচী ঃ**

| | | | |
|---|---|---|---|
| ক) | আবেদনপত্র অনলাইনে পূরণ ও জমাদান শুরু | | ০২ ডিসেম্বর ২০২৫<br>সকাল ১০:০০ ঘটিকা |
| খ) | আবেদনপত্র অনলাইনে পূরণ ও জমাদান শেষ | | ১৩ ডিসেম্বর ২০২৫<br>বিকাল ০৫:০০ ঘটিকা |
| গ) | আবেদন ফি জমা দেওয়ার শেষ সময় | | ১৫ ডিসেম্বর ২০২৫<br>দুপুর ১২:০০ ঘটিকা |
| ঘ) | ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য আবেদনকারীদের নামের তালিকা প্রকাশের সম্ভাব্য তারিখ | | ০৩ জানুয়ারি ২০২৬<br>বিকাল ০৫:০০ ঘটিকা |
| ঙ) | ভর্তি পরীক্ষার জন্য আসন বিন্যাস প্রকাশ | | ০৬ জানুয়ারি ২০২৬<br>বিকাল ০৫:০০ ঘটিকা |
| চ) | প্রবেশপত্র ডাউনলোড শুরু | | ১০ জানুয়ারি ২০২৬<br>বিকাল ০৫:০০ ঘটিকা |
| ছ) | গ্রুপ | ভর্তি পরীক্ষা | ২২ জানুয়ারি ২০২৬ |
| | 'ক'+'খ' | MCQ | সকাল ৯:৩০ হতে<br>দুপুর ১২:০০ ঘটিকা |
| | 'খ' | মুক্তহস্ত অংকন (Freehand Drawing) এবং দৃষ্টিগত ও স্থানিক ধীশক্তি (Visual Spatial Intelligence) | দুপুর ১২:১৫-০১:১৫ ঘটিকা |
| জ) | ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের সম্ভাব্য তারিখ | | ০৬ ফেব্রুয়ারি ২০২৬ |

** **OMR** সিট পূরণের ক্ষেত্রে শুধুমাত্র কালো কালির বল পয়েন্ট পেন ব্যবহার করা যাবে।

** প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রশ্নে বরাদ্দকৃত নম্বরের ২৫ শতাংশ নম্বর কর্তন হবে।

ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য সহায়তায় ০১৩২৬৭৭০৪৭৯ অথবা ০১৩২৬৭৩৪৩৮৮ নম্বরে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯:০০ ঘটিকা থেকে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত) যোগাযোগ করা যাবে

অথবা

প্রয়োজনে **support.ugadmission@ruet.ac.bd**-এই ঠিকানায় e-mail করা যাবে।

বিশেষ দ্রষ্টব্য ঃ ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ভর্তি পরীক্ষার ওয়েব সাইট: **https://admission.ruet.ac.bd**

**৪। অনুষদ ভিত্তিক বিভিন্ন বিভাগের নাম, কোড ও আসন বিভাজন ঃ**

| | বিভাগ | কোড | আসন |
|---|---|---|---|
| | **পুরকৌশল অনুষদ** | | |
| ১ | সিভিল ইঞ্জিনিয়ারিং | CE | ১৮০ |
| ২ | আরবান এন্ড রিজিওনাল প্লানিং | URP | ৬০ |
| ৩ | আর্কিটেকচার | Arch | ৩০ |
| ৪ | বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট | BECM | ৩০ |
| | **তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদ** | | |
| ১ | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | EEE | ১৮০ |
| ২ | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | CSE | ১৮০ |
| ৩ | ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং | ETE | ৬০ |
| ৪ | ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং | ECE | ৬০ |
| | **যন্ত্রকৌশল অনুষদ** | | |
| ১ | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং | ME | ১৮০ |
| ২ | ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং | IPE | ৬০ |
| ৩ | সিরামিক এন্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং | CME | ৬০ |
| ৪ | মেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং | MTE | ৬০ |
| ৫ | কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং | ChE | ৩০ |
| ৬ | ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | MSE | ৬০ |
| | | মোট | ১২৩০ |
| | সংরক্ষিত আসন (বান্দরবান জেলার অধিবাসী ০১ টি, পার্বত্য জেলাসমূহ ও অন্যান্য এলাকার উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী ০৪ টি) | | ০৫ |
| | | সর্বমোট | ১২৩৫ |

উল্লেখ্য যে, আর্কিটেকচার বিভাগে ৫ বছর মেয়াদী এবং অন্যান্য সকল বিভাগে ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী প্রদান করা হয়।

**৫। ভর্তি পরীক্ষার ফি ঃ**

ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদন ফরম পূরণ করে ভর্তি পরীক্ষার ফি প্রদানপূর্বক জমাদান করতে হবে।

| গ্রুপ | বিভাগ | ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি (সার্ভিস চার্জ ব্যতীত) |
|---|---|---|
| 'ক' | ইঞ্জিনিয়ারিং ও ইউআরপি | ১৩০০/- (এক হাজার তিনশত) টাকা |
| 'খ' | ইঞ্জিনিয়ারিং, ইউআরপি ও আর্কিটেকচার | ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা |

**৬। ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচী ঃ**

| গ্রুপ | বিষয় | পাঠ্যসূচী |
|---|---|---|
| 'ক' | উচ্চতর গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজি | ২০২৫ খ্রি. এর উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার পাঠ্যসূচী |
| 'খ' | উচ্চতর গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজি | ২০২৫ খ্রি. এর উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার পাঠ্যসূচী |
| | মুক্তহস্ত অংকন (Freehand Drawing) এবং দৃষ্টিগত ও স্থানিক ধীশক্তি (Visual Spatial Intelligence) | উন্মুক্ত |

**৭। ভর্তি পরীক্ষার কেন্দ্র ঃ**

| গ্রুপ | পরীক্ষার কেন্দ্র |
|---|---|
| 'ক' | ১. রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট)<br>২. বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) |
| 'খ' | রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) |

**৮। ভর্তি পরীক্ষার কেন্দ্র নির্বাচন ঃ**

'ক' গ্রুপের ভর্তি পরীক্ষার কেন্দ্র নির্বাচনের ক্ষেত্রে কোন একটি কেন্দ্রে নির্ধারিত আসনের বিপরীতে বেশী সংখ্যক শিক্ষার্থী অংশগ্রহণ করতে চাইলে তাদের এইচএসসি বা সমমানের পরীক্ষায় উচ্চতর গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন বিষয়ের মোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে কেন্দ্র নির্বাচন করা হবে, তবে একাধিক শিক্ষার্থীর এই তিন বিষয়ের প্রাপ্ত নম্বর সমান হলে যথাক্রমে উচ্চতর গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন বিষয়ে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে কেন্দ্র নির্বাচন করা হবে।

**৯। ভর্তি পরীক্ষার ধরণ, বিষয়সমূহ, প্রশ্নপত্রের ধরণ ও নম্বরের বিন্যাস ঃ**

ভর্তি পরীক্ষা **MCQ** পদ্ধতিতে অনুষ্ঠিত হবে এবং **OMR** শীটে উত্তর প্রদান করতে হবে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের 'ক' ও 'খ' উভয় গ্রুপের জন্য সর্বমোট ৪০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং 'খ' গ্রুপে ভর্তিচ্ছু প্রার্থীদেরকে অতিরিক্ত ২০০ নম্বরের মুক্তহস্ত অংকন (Freehand Drawing) এবং দৃষ্টিগত ও স্থানিক ধীশক্তি (Visual Spatial Intelligence) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রশ্নে বরাদ্দকৃত নম্বরের ২৫ শতাংশ নম্বর কর্তন হবে। প্রত্যেক গ্রুপের পরীক্ষার বিষয় এবং বিষয়সমূহের পূর্ণমান নীচের ছকে দেয়া হলো ঃ

| 'ক' গ্রুপ | 'খ' গ্রুপ | প্রশ্ন সংখ্যা | মোট নম্বর (বিষয়ভিত্তিক) | সর্বমোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|
| উচ্চতর গণিত | উচ্চতর গণিত | ২০ | ১২০ | ৪০০ | ০২ ঘন্টা ৩০ মিনিট |
| পদার্থবিদ্যা | পদার্থবিদ্যা | ২০ | ১২০ | | |
| রসায়ন | রসায়ন | ২০ | ১২০ | | |
| ইংরেজি | ইংরেজি | ২০ | ৪০ | | |
| - | মুক্তহস্ত অংকন | ০২ | ১০০ | ২০০ | ০১ ঘন্টা |
| - | দৃষ্টিগত ও স্থানিক ধীশক্তি | ০২ | ১০০ | | |

25/11/2025

(প্রফেসর ড. মোঃ নুরুল ইসলাম)
সভাপতি, স্নাতক ভর্তি পরীক্ষা কমিটি ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ
ও
ডীন, যন্ত্রকৌশল অনুষদ
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
রাজশাহী-৬২০৪